ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৮৪০
সোনামুড়া, ১২ সেপ্টেম্বর, ২০২৫

**রুদ্রসাগরকে ঘিরে এই এলাকার মানুষের প্রত্যাহিক জীবনযাত্রার প্রতিচ্ছবি নীরমহল জল উৎসব ঃ উচ্চশিক্ষামন্ত্রী**

নীরমহল জল উৎসব হল রুদ্রসাগরকে ঘিরে এই এলাকার মানুষের প্রাত্যহিক জীবনযাত্রার প্রতিচ্ছবি। নীরমহল কেবলমাত্র রাজকীয় স্থাপত্য নয়, এটি এই রাজ্যের ইতিহাস এবং ঐতিহ্যকে বহন করছে। এই প্রাসাদটি এবং রুদ্রসাগর এই এলাকার মানুষের অর্থনৈতিক ও সামাজিক অবস্থার মানোন্নয়নেও সহায়ক ভূমিকা পালন করছে। মেলাঘরের রাজঘাটে তিনদিনব্যাপী ঐতিহ্যবাহী নীরমহল জল উৎসবের আজ উদ্বোধন করে একথা বলেন উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ।

ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগম, তথ্য ও সংস্কৃতি দপ্তর, সিপাহীজলা জিলা পরিষদ, মেলাঘর পুর পরিষদ এবং সিপাহীজলা জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে তিনদিনব্যাপী নীরমহল জল উৎসবের আয়োজন করা হয়েছে। বক্তব্য রাখতে গিয়ে উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ রুদ্রসাগর এলাকায় বসবাসরত তপশিলিজাতি অংশের মানুষের সাথে নীরমহলের নিবিড় যোগাযোগের কথা তুলে ধরেন। তিনি বলেন, শুধুমাত্র পর্যটনের বিকাশ ঘটানোর জন্যই এই উৎসব নয়, তার সঙ্গে এই এলাকার মানুষের সাংস্কৃতিক ঐতিহ্যের বিকাশেও গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করছে। উচ্চশিক্ষামন্ত্রী নীরমহল জল উৎসবের সাফল্য কামনা করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারি সভাধিপতি পিন্টু আইচ, বিশিষ্ট সমাজসেবী উত্তম দাস। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগমের ম্যানেজিং ডিরেক্টর প্রশান্ত বাদল নেগি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল রায়। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এমডিসি পদ্মলোচন ত্রিপুরা, মেলাঘর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন গুরুপদ রায়, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক রাজু দেব, রুদ্রসাগর উদবাস্তু মৎস্যজীবী সমবায় সমিতির সম্পাদক পরমেশ্বর দাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের উপ অধিকর্তা পাঞ্চালী দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে উদ্বোধনী সংগীত পরিবেশন করেন স্থানীয় শিল্পীগণ।

******